অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.২১১.০৬.০০১.১৯- ৫৮

তারিখঃ ১৫ আশ্বিন, ১৪২৭
৩০ সেপ্টেম্বর, ২০২০

বিষয়: প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের সামগ্রিক প্রশিক্ষণ কার্যক্রমে গতিশীলতা আনয়নের মাধ্যমে সরকারি দক্ষ মানবসম্পদ গঠনের লক্ষ্যে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০১৯ জারি করা হয়।

০২। এ নীতিমালা অনুযায়ী জেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অনুদান প্রদানের জন্য অনুদান মঞ্জুরি সকল জেলা প্রশাসক বরাবর অতি শীঘ্রই প্রেরণ করা হবে। এ সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় (দৈনিক সমকাল ও দৈনিক জনকণ্ঠ) প্রকাশ করা হচ্ছে। অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা, বিজ্ঞপ্তি ও আবেদন ফরম সকল জেলার জেলা প্রশাসকের কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, বর্ণিত নীতিমালা, বিজ্ঞপ্তি ও আবেদন ফরম তাঁদের স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ ২০২০-২১ অর্থবছরে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অনুদান প্রদান সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১। নীতিমালা ও আবেদন ফরম;
২। বিজ্ঞপ্তি।

৩০.০৯.২০২০


(এ, এইচ, এম, জামেরী হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৬৪৭
ই-মেইল ftru@mopa.gov.bd


বিতরণ:
১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ ........................(সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(সাধারণ শাখা)
www.sirajganj.gov.bd

স্মারক নং- ০৫.৪০.৮৮০০.০০৭.১৮.০০২.২০. ২৯৭৭

তারিখ : ২৮ অক্টোবর ২০২০

ছায়ালিপি সদয় অবগতি ও বর্ণিত পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সুমাইয়া সুলতানা এ্যানি)
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
ফোনঃ ০৭৫১-৬২৬১৩
gen.dcsiraj@yahoo.com


বিতরণ:
১। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর/কাজিপুর/রায়গঞ্জ/তাড়াশ/কামারখন্দ/বেলকুচি/উল্লাপাড়া/শাহজাদপুর/চৌহালী, সিরাজগঞ্জ
২। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট

www.mopa.gov.bd

১৩ আশ্বিন, ১৪২৭

স্মারক নং: ০৫.০০.০০০০.২১১.০৬.০০১.১৯-৫৫ তারিখ: ২৮ সেপ্টেম্বর, ২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ২০২০-২১ অর্থবছরে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে আর্থিক অনুদান প্রদান করা হবে। প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সরকারি অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৯ এর আওতায় যে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং নিবন্ধিত বেসরকারি সংগঠন/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জনপ্রশাসন ও এর উন্নয়ন সাধন সম্পর্কিত বিষয়সমূহের উপর প্রশিক্ষণ প্রদান করে অথবা এ সংক্রান্ত গবেষণামূলক কার্যক্রম পরিচালনা করে শুধুমাত্র সে সকল প্রতিষ্ঠান এ অনুদান প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবে।

২। এ অনুদান গ্রহণে আগ্রহী প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ফরমে আগামী ১০/১০/২০২০ হতে ৩০/১১/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর ডাকযোগে/সরাসরি আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। আবেদনের ফরম ও এ সংক্রান্ত নীতিমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) এবং সংশ্লিষ্ট জেলার ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। উল্লেখ্য, অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

28.09.2020

(এ, এইচ, এম, জামেরী হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৬৪৭
ই-মেইল ftru@mopa.gov.bd